

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

প্রশাসন বিভাগ-২

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

website: www.dwasa.org.bd.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি, শ্রেণি উন্নীতকরণ ও নবায়নকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা ওয়াসার সকল শ্রেণির ক) সিভিল ও খ) মেকানিক্যাল এন্ড ইলেকট্রিক্যাল গ্রুপের ঠিকাদারি প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বৎসরের জন্য ঠিকাদারি লাইসেন্স নবায়ন ও শ্রেণি উন্নীতকরণ এবং আর্থহী প্রতিষ্ঠানের নিকট হতে নতুন তালিকাভুক্তির নিমিত্ত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ঢাকা ওয়াসার প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, (৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ওয়াসা ভবন, ১৩তম তলা, কাওরান বাজার, ঢাকা) হতে নির্ধারিত ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধপূর্বক (অফেরৎযোগ্য) দরখাস্ত/ফরম পাওয়া যাবে। নতুন তালিকাভুক্তি, শ্রেণি উন্নীতকরণ এবং নবায়নের জন্য আগামী ৩১.০৭.২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত দরখাস্ত/ফরম যথাযথভাবে পূরণ করে উপ-সচিব, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা (৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ওয়াসা ভবন, ৩য় তলা, কাওরান বাজার, ঢাকা) বরাবরে দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। দরখাস্তের সাথে ঢাকা ওয়াসার লাইসেন্স বহি এর ফটোকপি (নবায়নের ক্ষেত্রে), ২০১৬-২০১৭ অর্থ বৎসরের ঢাকা উত্তর সিটি কর্পোরেশন / ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন / নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স, টি আই এন সার্টিফিকেটসহ ২০১৬-২০১৭ অর্থ বৎসরের আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্র, ভ্যাট রেজিস্ট্রেশন, ফার্মের ব্যাংক একাউন্টের বিপরীতে ব্যাংক সার্টিফিকেট ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই থাকতে হবে এবং নবায়ন ফি ও মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর বিধি ১১ (ঙ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৬ (৬) মুসক নীঃ ও রা/২০১০/২৫৭, তারিখ : ২৭.০৭.২০১০ তারিখ এর অনুচ্ছেদ নং ৪(ঙ) অনুযায়ী (কোড নং- ১ ১ ১ ৩ ৩ ০ ০ ০ ৬ ০ ৩ ১ ১) এর মাধ্যমে নবায়ন ফি এর নির্ধারিত টাকার উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারি চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক, ঢাকা এর যে কোন শাখায় পরিশোধপূর্বক চালানোর মূল কপি আবেদন ফরম এর সাথে অত্র দপ্তরে জমাদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পর ধার্যকৃত বিলম্ব ফি দিয়ে সর্বশেষ ৩১.১২.২০১৭ তারিখ পর্যন্ত নবায়ন করা যাবে। উক্ত সময়সীমা অতিক্রম করার পর ২০১৭-২০১৮ অর্থ বৎসরের জন্য আর কোন ঠিকাদারি লাইসেন্স নতুন তালিকাভুক্তি, শ্রেণি উন্নীতকরণ এবং নবায়ন করা হবে না। এতদ্বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসায় তালিকাভুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে e-GP (ই-টেন্ডারিং) এর আওতায় দরপত্রে অংশগ্রহণের জন্য CPTU তে রেজিস্ট্রেশন করা বাঞ্ছনীয়।

ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে

Shahida Kaniz
08.07.2017

শাহিদা কানিজ

উপ-সচিব (চঃ দাঃ)

প্রশাসন বিভাগ-২

ঢাকা ওয়াসা

ও

সদস্য-সচিব

এনলিস্টমেন্ট কমিটি।